**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 05-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘানা এবং ত্রিনিদাদ ও টোবাগো সফর শেষে আজ ভারতীয় সময় অনুযায়ী ভোরের দিকে দু'দিনের সফরে আর্জেন্টিনার রাজধানী বুয়েন্সআইরেসে পৌঁছুলেন। রাষ্ট্রপতি জাভিয়ের মিলেই-এর আমন্ত্রণে ৫ দেশ সফরের তৃতীয় পর্যায়ে আর্জেন্টিনা এলেন তিনি। ৫৭ বছরে এই প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রী দ্বি-পাক্ষিক সফরে কৌশলগত অংশীদারিত্বের বিভিন্ন দিক খতিয়ে দেখা হবে। উল্লেখ্য, উভয় দেশের মধ্যে ২০২৪-এ কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছর উদযাপিত হয়। পরবর্তী সময়ে সেদেশে যোগ চর্চা, আয়ুর্বেদ এবং ভারতীয় দশর্ন ব্যাপক জনপ্রিয়তা লক্ষ্য করা গেছে।

*****************************

**Biplab kumar Deb :**

রাজ্যে বি.এস.এন.এল-এর পরিকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে গতকাল আগরতলায় টেলিকম এডভাইজারি কমিটির চেয়ারম্যান সাংসদ বিপ্লব কুমার দেব-এর পৌরহিত্যে গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। শ্রী দেব জানান, বি.এস.এন.এলের পরিষেবা প্রদানের ক্ষেত্রে সমস্যাগুলি নিয়ে এদিন বিস্তারিত আলোচনা হয়েছে। যে সমস্যাগুলো সমাধান করা সম্ভব সেগুলি এখানেই সমাধান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, রাজ্যসহ দেশে টেলি যোগাযোগ ব্যবস্থা, ডিজিটেলাইজেশন বা প্রযুক্তিগত দিক দিয়ে অনেকটাই পরিবর্তন হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন টেলিকম এডভাইজারি কমিটির সদস্য সাংসদ রাজীব ভট্টাচার্য, সাংবাদিক প্রণব সরকার প্রমুখ।

*****************************

**Union Minister-India Post :**

কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া জানিয়েছেন, ভারতীয় ডাকবিভাগ চিরাচরিত ডাক সরবরাহের বাইরেও বিস্তৃত পরিসরে সক্রিয়। বর্তমানে দেশের বৃহত্তম লজিস্টিক নেটওয়ার্ক পরিচালনার জন্য সারা দেশে ১ লক্ষ ৬৪ হাজারেরও বেশি পরিষেবা কেন্দ্র রয়েছে। আকাশবাণী সংবাদকে একটি পডকাস্টে কেন্দ্রীয় যোগাযোগমন্ত্রী আরও জানান, ডাকবিভাগে প্রথমবারের মত মুখ্য প্রযুক্তি আধিকারিক নিয়োগ করা হয়েছে। ডাককর্মীরা এখন হ্যান্ডহেল্ড ডিভাইসের মাধ্যমে প্রতিটি লেনদেনের রিয়েল-টাইম ডিজিটাল ট্র্যাকিংয়ে সক্ষম। তিনি বলেন, খুব শিগগিরই জিও কোডেড ঠিকানাব্যবস্থায় ডিজিপিন চালু করছে ডাকবিভাগ। এর ফলে দেশের সবচেয়ে প্রত্যন্তেও সুনির্দিষ্ট ঠিকানায় বিভিন্ন ডাক সামগ্রী দ্রুত পৌঁছে দেওয়া সম্ভব হবে।তিনি ডাক বিভাগকে সাধারণ মানুষের জন্য 'বিশ্বের জানালা' বলেও বর্ণনা করেন। তিনি জানান, বিগত ১০ মাসে ক্ষুদ্র ব্যবসায়ী ও স্বউদ্যোগীদের সমর্থন যোগাতে ডাকবিভাগ ১০০০ ডাক রপ্তানি কেন্দ্র স্থাপন করেছে।

****************************

**Ratha Yatra Festival :**

আজ জগন্নাথ দেবের পুন: রথযাত্রা উৎসব বা উল্টো রথ। এর মধ্যে দিয়ে শেষ হবে নয় দিন ব্যাপী রথযাত্রা উৎসব। আজ বিকেলে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, হরেকৃষ্ণ মন্দির থেকে ভগবান জগন্নাথ, বলভদ্র, শুভদ্রা দেবীকে নিয়ে সুসজ্জিত রথ বের হবে।

******************************

**DAJBA-Jampuijala :**

ধরতি আবা জনভাগীদারি অভিযানে জম্পুইজলা ব্লকের উজান লারমা ইংরাজী মাধ্যম এস বি বিদ্যালয় প্রাঙ্গণে প্রশাসনিক, স্বাস্থ্য ও সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক মানব দেববর্মা।

শিবিরে আধার, এসটি, পিআরটিসি, ইনকাম সার্টিফিকেট এবং রেশন কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়।

*******************************

**ELI Scheme :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে কর্মসংস্থান সংযুক্ত উৎসাহ দান প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। এর লক্ষ্য হল কর্মসংস্থানের প্রয়াস, বাস্তব জগতে প্রকৃত অর্থে দক্ষ হয়ে উঠা, কর্মীদের সহায়তা করা এবং একটি বিস্তৃত সামাজিক সুরক্ষা বলয় তৈরী করা। আঞ্চলিক পি.এফ কমিশনার লিও জোসেফ মারান্ডি এই খবর জানান। প্রকল্পটিতে বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে উৎপাদন ক্ষেত্রকে। ২০২৫-এর পয়লা আগষ্ট থেকে ২০২৭-এর ৩১ জুলাই পর্যন্ত সময়কালে তৈরী হওয়া কাজের সুযোগের জন্য এই প্রকল্পের সুবিধা মিলবে।

****************************

**Cricket :**

তেলিয়ামুড়ার দুস্কি এলাকায় দুখাই জমাদার স্কুল মাঠে আয়োজিত নক আউট ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়েছে দুখাই জমাদার একাদশ। দুস্কি ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত ফাইনাল ম্যাচে গতকাল দুখাই জমাদার একাদশ ১৯ রানে কে কে আর-কে পরাজিত করে। ফাইনাল ম্যাচে বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন উপজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা।

**************************

**Health Camp :**

গোমতী জেলার কিল্লা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত ঘুমবাড়ি পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল ম্যালেরিয়া প্রতিরোধে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এলাকাবাসীদের মধ্যে সংক্রামক ও অসংক্রামক রোগ প্রতিরোধে স্বাস্থ্যবিধি ইত্যাদি মেনে চলার আহ্বান জানান কিল্লা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের

চিকিৎসক ডাঃ চুকতাং জমাতিয়া। শিবিরে ৩৮ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে।

***************************